


Scottish Book Trust
inspiring readers and writers

# Bookbug

**পড়ার অভ্যাস করুন !**

আপনার শিশু বা সন্তানের জন্য আপনার গলার স্বর সবচেয়ে গুরুত্বপূর্ণ, এবং আপনার নিজের ভাষায় তার সাথে কথা বলা ও একসাথে বসে বই পড়া একান্ত জরুরী। আপনার শিশু বা সন্তানের বাংলা ভাষায় আপনার কথা বা গান ও ছড়া শুনতে খুব ভালো লাগবে, তাছাড়া একটার বেশী ভাষা শিখে তার লাভ হবে।

আপনার সন্তানকে গল্প, গান ও ছড়া পড়ে শোনানোর নানা বিস্ময়কর উপকারিতা আছে। এইভাবে খুব মজা করা যায় এবং দিনে মাত্র কয়েক মিনিট সময় দিয়ে ঃ

**আপনার সন্তানের ভাষা দক্ষতা বাড়ানো যায়**

**আপনি আপনার সন্তানকে আদর করার সময়সুযোগ পাবেন ও তার সাথে গভীর সম্পর্ক গড়ে তোলা যাবে**

**আপনি ও আপনার সন্তান নিশ্চিন্তমনে সময় কাটাতে পারবেন**

**আপনার সন্তানের আত্মবিশ্বাস গড়ে তোলা যাবে**

**আপনার সন্তান লেখা ও আঁকায় উৎসাহ পাবে**

**আপনার সন্তানের জীবনের সেরা সূত্রপাত করা হবে**



## আপনার বইয়ের ব্যাগের মজা নিন, সম্পূর্ণ বিনামূল্যে

স্কটল্যান্ডের প্রতিটি শিশুকে জন্ম থেকে পাঁচ বছর বয়স পর্যন্ত Bookbug চারটি ব্যাগ ভরে বই দেয়, সম্পূর্ণ বিনামূল্যে। যদিও এই বইগুলি ইংরেজিতে, তাহলেও বাংলা ভাষায় গল্প বলার জন্য আপনি ছবিগুলি ব্যবহার করে আপনার সন্তানকে এইগুলি দেখাতে পারবেন ও আপনারা একসাথে সব উপভোগ করতে পারবেন।

**বেবি ব্যাগ ঃ** আপনার শিশু সন্তানের প্রথম বছরে আপনার হেলথ্ ভিজিটারের কাছ থেকে।

**টডলার ব্যাগ ঃ** আপনার শিশুর বয়স যখন 1 এবং 2 বছর তখন আপনার হেলথ্ ভিজিটারের কাছ থেকে।

**পাইরেট ব্যাগ ঃ** যখন আপনার শিশু সন্তানের বয়স 3 বছর তখন নার্সারি থেকে।

**প্রাইমারি 1 ফ্যামিলি ব্যাগ ঃ** যখন আপনার সন্তান P1-এ পড়বে তখন স্কুল থেকে।

এই ব্যাগ ছাড়াও যেসব ছেলেমেয়ে ও পরিবারের বাড়তি সাহায্যের প্রয়োজন তাদের জন্য Bookbug স্পর্শ করে অনুভব করার বইও দিতে পারে। এর অনুরোধ করতে হলে, বা যদি আপনি আপনার বিনামূল্যের Bookbug ব্যাগ না পেয়ে থাকেন তাহলে আপনার স্থানীয় লাইব্রেরিতে খোঁজ করুন বা **scottishbooktrust.com/local-bookbug-contacts** দেখুন।

## আসুন, ফ্রি Bookbug সেশনে যোগ দিন

Bookbug সেশন মজাদার, বিনামূল্যের, গল্প, গান ও ছড়ার সভা। সবাইকে এখানে স্বাগত জানানো হয় এবং আপনি শব্দগুলি যদি না বোঝেন তাহলেও কোনো অসুবিধা নেই - আপনার শিশু সন্তানের সাথে মজা করে সময় কাটাতে পারবেন। প্রতি সপ্তাহে প্রচুর গান বার বার গাওয়া হয়, ফলে আপনার শব্দগুলি শেখা হবে। কয়েকটা লাইব্রেরিতে অন্যান্য ভাষায়ও Bookbug সেশন হয়। আপনার নিকটতম সেশনের খোঁজ করতে আপনার স্থানীয় লাইব্রেরি বা সামাজিক দলকে জিজ্ঞাসা করুন বা **scottishbooktrust.com/localbookbugsessions** দেখুন।

## আপনার স্থানীয় লাইব্রেরিতে যোগ দিন

লাইব্রেরিতে নানা রকম ভালো ভালো বই থাকে, আপনি বিনামূল্যে সেসব উপভোগ করতে পারেন এবং আপনার সন্তান বা শিশু আপনার সাথে যোগ দিতে পারে! তাছাড়া, আপনার স্থানীয় লাইব্রেরিতে বাংলা ভাষায় বা দুটি ভাষায় ছবির বই থাকতে পারে, সেইগুলি পড়ে দেখতে পারেন।

## বাংলা ভাষায় একসাথে গল্প বলা, গান গাওয়া ও ছড়া বলা

আপনি যদি বাংলা ভাষায় আপনার সন্তানের সাথে কথা বলেন, পড়ে শোনান ও গান গেয়ে শোনান তাহলে তার সত্যি উপকার হবে, আপনি নিজের ছেলেবেলার গান, ছড়া, গল্পও ব্যবহার করতে পারেন। এইভাবে তারা যখন স্কুলে যেতে শুরু করবে তখন তাদের অন্যান্য ভাষা শেখায় সাহায্য করা হবে।

বেশ কয়েকটা লাইব্রেরিতে অন্যান্য ভাষায় বা দুটি ভাষায় বই থাকে, যা বিনামূল্যে চেয়ে নিয়ে পড়া যায়। এছাড়া মন্ত্র লিংগুয়া, **uk.mantralingua.com**, বা **ablekids.co.uk** থেকে এইগুলি কিনে নেওয়া যায় এবং শিশুদের আন্তর্জাতিক ডিজিটাল লাইব্রেরি **en.childrenslibrary.org** এ বিনামূল্যে ডিজিটাল বই বিনামূল্যে অনলাইনে দেখা যায়।

তাছাড়াও আপনি **mamalisa.com** এ অন্যান্য ভাষায় গান পাবেন এবং আমাদের ওয়েবসাইট **scottishbooktrust.com/bookbug/songs-and-rhymes** এ প্রচুর গান ও ছড়া পাবেন, যাতে আপনি যোগ দিতে পারেন।

**scottishbooktrust.com/bookbug**

f /BookbugSBT @Bookbug_SBT